

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৬(আগরতলা, ১২।০৪)  
তেলিয়ামুড়া, ১২ এপ্রিল, ২০১৯

**২-পূর্ব ত্রিপুরা (এস টি) লোকসভা আসনে ভোটকর্মীদের মহড়া অনুষ্ঠিত**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-পূর্ব ত্রিপুরা (এস টি) আসনের অন্তর্গত তেলিয়ামুড়া মহকুমার ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া এবং ২৯-কৃষ্ণপুর বিধানসভা কেন্দ্রের ভোট গ্রহণের কাজে নিযুক্ত কর্মীদের তৃতীয় তথা মূল পর্বের মহড়া ১০ এপ্রিল অনুষ্ঠিত হয়। ২৭-কল্যাণপুর-প্রমোদনগরের ভোটকর্মীদের মহড়া কল্যাণপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে, ২৮-তেলিয়ামুড়া কেন্দ্রের ভোটকর্মীদের মহড়া কবি নজরুল বিদ্যাভবনে এবং ২৯-কৃষ্ণপুর কেন্দ্রের ভোট কাজে নিযুক্ত কর্মীদের মহড়া মহারানীপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। এই মহড়ায় মোট ১০২৫ জন ভোটকর্মী প্রশিক্ষণ নেন। তাদের প্রশিক্ষণ দেন মহকুমার ডি সি এম অনুপম দাস, তেলিয়ামুড়া পুর পরিষদের সি ই ও কিশোর সরকার প্রমুখ। তেলিয়ামুড়া মহকুমাশাসকের কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে।

এছাড়া ঐদিনই, খোয়াই মহকুমা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে খোয়াই টাউন হলে ভোট গ্রহণের কাজে নিযুক্ত কর্মীদের তৃতীয় পর্যায়ের মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ভোট গ্রহণ কর্মীদের বৈদ্যুতিন ভোট যন্ত্রে ভোট গ্রহণ পদ্ধতি, প্রিসাইডিং অফিসার ও পোলিং অফিসারদের দায়িত্ব, কর্তব্য ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ দেন মাষ্টার ট্রেনার সি কে মলসম, এম এল দেববর্মা, সুব্রত চক্রবর্তী প্রমুখ। তৃতীয় পর্যায়ের মহড়াতে মোট ৭৭৬ জন ভোট গ্রহণ কর্মী অংশগ্রহণ করেন। মহড়ায় উপস্থিত ছিলেন জেলাশাসক পঞ্চজ চক্রবর্তী, অতিরিক্ত জেলাশাসক রাজীব দত্ত প্রমুখ।

\*\*\*\*\*